

## আত-তাকৱীর | At-Takwir | التَّكْوِير

আয়াতঃ ৮১ : ১১

আরবি মূল আয়াত:

وَ إِذَا السَّمَاءُ كُشِطَتْ ﴿١١﴾

অনুবাদসমূহ:

আর যখন আসমানকে আবরণ মুক্ত করা হবে। — আল-বায়ান

যখন আসমানের পর্দা সরিয়ে ফেলা হবে। — তাইসিরুল

যখন আকাশের আবরণ অপসারিত হবে, — মুজিবুর রহমান

And when the sky is stripped away — Sahih International

১১. আর যখন আসমানের আবরণ অপসারিত করা হবে(১),

(১) كُشِطَتْ এর আভিধানিক অর্থ জস্তুর চামড়া খসানো। [কুরতুবী] এর অর্থ অপসারণ করা, সরিয়ে নেয়া। এ হিসেবে আয়াতের অর্থ এই যে, যখন মাথার উপর ছাদের ন্যায় বিস্তৃত এই আকাশকে অপসারিত করা হবে। [মুয়াসসার, সা'দী]

তাকৱীরে জাকারিয়া

১১। যখন আকাশের আবরণকে অপসারিত করা হবে। [১]

[১] অর্থাৎ, আকাশ ভেঙ্গে ফেলা হবে, যেমন ছাদ ভেঙ্গে ফেলা হয়।

তাকৱীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5811>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন